দৈনিক যায়যায়দিন

12 JAN 2017

# জঙ্গীবাদের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ুন ॥ শিক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** জঙ্গী ও স্বাধীনতাবিরোধীরা চায় না বাংলাদেশ উন্নত রাষ্ট্রে পরিণত হোক। দেশের উন্নয়ন বাধাগ্রস্ত করতে তারা বোমা হামলাসহ নানা ধরনের নাশকতামূলক কার্যক্রম পরিচালিত করছে। পরিকল্পিতভাবে শিক্ষার্থীদের বিপথে পরিচালনার চেষ্টা করছে। এ ব্যাপারে শিক্ষক ও অভিভাবকদের সচেতন থাকতে হবে। জঙ্গীবাদের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে।

বুধবার চট্টগ্রামে 'জঙ্গীবাদমুক্ত শিক্ষাঙ্গন' শীর্ষক শিক্ষক সমাবেশে উপরোক্ত কথাগুলো বলেন নুরুল ইসলাম নাহিদ। সকালে চট্টগ্রাম সরকারী মহিলা কলেজ মাঠে অনুষ্ঠিত হয় এ সমাবেশ।

শিক্ষামন্ত্রী নাহিদ বলেন, বর্তমান সরকারের উন্নয়নমূলক কার্যক্রমকে বাধাগ্রস্ত করতে জঙ্গী ও স্বাধীনতাবিরোধীরা তৎপর হয়েছে। তারা শিক্ষার্থীদের টার্গেট করে মদদ দিচ্ছে। জঙ্গী তৎপরতায় পৃষ্ঠপোষকতা দিচ্ছে। এ ধরনের কর্মকাণ্ড কাম্য হতে পারে না। সন্তানদের ব্যাপারে শিক্ষক ও অভিভাবকদের সজাগ থাকতে হবে। শিক্ষকদের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, স্নেহ ভালবাসা এবং আদর দিয়ে পাঠদান করতে হবে। শিক্ষকদের উচিত শিক্ষার্থীদের কাছ থেকে সেরা শিক্ষক হিসেবে খ্যাতি পাওয়া। যে শিক্ষক শিক্ষার্থীদের কাছে প্রিয়, তিনিই সেরা শিক্ষক। জঙ্গীবাদ নির্মূলে সকলকে সজাগ থাকার আহ্বান জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, ছেলেরা কার সঙ্গে মেলামেশা করছে, কোথায় যাচ্ছে তা খেয়াল রাখতে হবে। এক্ষেত্রে শিক্ষক এবং অভিভাবকদের দায়িত্ব রয়েছে।